**Bhavan's Tripura Vidyamandir**
**2nd Periodic Assessment: (2025-2026)**

**Class:-10** | **Subject:- Bengali**
Time:-2 Hours | Total: - 50 Marks
Name of the student : | Roll No: Sec:

---

## ক-বিভাগ

**১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলোর সঠিক উত্তরটি বেছে লিখ।** **১X৪=৪**

ছোট্ট বালক জেমস ওয়াট অবাক হয়ে দেখেছিলেন- কেটলির জলটা যখন ফুটছে তখন তার ঢাকনিটা কেমন আশ্চর্যভাবে ওঠানামা করে। বালক ওয়াট একবার ঢাকনির মুখ খুলে ফেলে আবার সেটা কেটলিতে বসিয়ে দিচ্ছে আর ভাবছে—বাঃ ভারী মজার খেলা তো ! ওয়াট ভাবলেন জলের বাষ্প যদি কেটলির ঢাকনিকে ঠেলা মারতে পারে তবে এই বাষ্প-শক্তি দিয়ে ইঞ্জিন চালনা করা যাবে না কেন ? অবশ্যই জেমস ওয়াটের আগেও বাষ্প-শক্তির সাহায্যে যে ইঞ্জিন চালনা করা যেতে পারে এ নিয়ে ভাবনা চিন্তা হয়েছিল। এদের মধ্যে দুজন বিজ্ঞানীর নাম করতেই হবে। একজন প্রাচীন বিজ্ঞানী, আলেকজান্দ্রিয়ার হেরন ও অপরজন সপ্তদশ শতাব্দীর পেপিন। এরা দুজনেই বাষ্পীয়শক্তি কাজে লাগিয়ে ছোট ইঞ্জিন তৈরি করেছিলেন। কিন্তু জেমস ওয়াট যে বাষ্পীয় ইঞ্জিন তৈরি করলেন সেটা এত সুন্দর হল যে, তা আগের তৈরি সব ইঞ্জিনগুলোকে একবারে টেক্কা দিয়েদিল।

অ) বাষ্পীয় শক্তিকে কাজে লাগানোর জন্য জেমস ওয়াট কী চিন্তা করেছিলেন ?
i) ট্রাক চালনার ii) ইঞ্জিন চালনার iii) জাহাজ চালনার iv) স্টিমার চালনার

আ) বালক জেমস ওয়াট কেটলির জল ফুটতে দেখে অবাক হয়েছিলেন কেন?
মন্তব্য (ক): কেটলিতে জল ফুটন্ত অবস্থায় তার ঢাকনাটা বাষ্পের ঠেলাতে ওঠানামা করছিল।
মন্তব্য (খ): কেটলিতে জল ফুটন্ত অবস্থায় তার ঢাকনাটা বাষ্পের ঠেলাতে নিশ্চল হয়ে গিয়েছিল।
প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?
i) মন্তব্য (ক) সঠিক হলেও মন্তব্য (খ) ভুল। ii) মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) সঠিক।
iii) মন্তব্য (ক) এবং মন্তব্য (খ) দুটিই গ্রহণযোগ্য।
iv) মন্তব্য (ক) এবং মন্তব্য (খ) কোনটিই গ্রহণযোগ্য নয়।

ই) জেমস ওয়াটের আগে কারা বাষ্পীয় শক্তিকে কাজে লাগিয়ে ইঞ্জিন তৈরি করেছিলেন?
i) আলবার্ট আইনস্টাইন ও লুই পাস্তুর ii) রবার্ট হুক ও রবার্ট বয়েল
iii) চার্লস ডারউইন ও পেপিন iv) আলেকজান্দ্রিয়ার হেরণ ও পেপিন

ঈ) প্রদত্ত অনুচ্ছেদ থেকে এমন একটি শব্দ খুঁজে বার করো যার সমার্থক শব্দ **'পাল্লা'**।
i) মারা ii) ঝগড়া iii) টেক্কা iv) সংঘর্ষ

**২। ব্যাস বাক্যসহ রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় করো।** **১X৩=৩**

অ) কৃত্তিবাস ওঝার **জন্মতারিখ** নিয়ে আজও বিতর্ক আছে।

আ) রমেনবাবুর **আদিমধ্যান্ত** সবই আমার জানা।

ই) নাচে আমাদের **প্রতিপক্ষ** খুবই দুর্বল।

**৩। অ) সন্ধি বিচ্ছেদ করো।** **১X২=২**
বাগর্থ, চক্ষূরোগ

**আ)সন্ধিবদ্ধ পদটি লেখো।** **১X২=২**
দুহ্ +ত, প্রাতঃ+ আশ

## খ-বিভাগ

**৪। <u>পাঠ্যগদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লিখ।</u>** **১×৪=৪**

অ) "এইসব মালমশলা নিয়ে বসে।" মালমশলাগুলি হল-

i) রাজারানির গল্প, খুন জখন অ্যাকসিডেন্ট, অথবা না খেতে পেয়ে মরে যাওয়া।

ii) রাজারানির গল্প, বেশি খাওয়া, খুন জখন অ্যাকসিডেন্ট।

iii) রাজারানির গল্প, খুন, জখমঅ্যাকসিডেন্ট, অনাহারে মৃত্যু।

iv) রাজাজমিদারের গল্প, অ্যাকসিডেন্ট, অনাহারে মৃত্যু।

আ) আলোবাবু গল্পে লেখকের মূল উদ্দেশ্য আলোবাবু চরিত্রের -----------।

i) নির্বুদ্ধিতার দিকটিকে প্রকাশ করা। ii) নির্দোষ মজার দিকটিকে প্রকাশ করা।

iii) বিশুদ্ধ মানবিকতার দিকটিকে প্রকাশ করা। iv) বড্ডপাগলামির দিকটিকে প্রকাশ করা।

ই)আলোবাবু হ্যাট বাজিয়ে কোন্ দুটো লাইন বারবার গাইছিলেন ?

i) আমায় ওরা সইলো না কেউ/ আমার কাছে রইলো না কেউ।

ii) আমার কাছে রইলো না কেউ / আমায় ওরা সইলো না কেউ।

iii) আমাকে ওরা সইলো না/তাই আমার কাছে রইলো না।

iv) আমার কাছে রইলো না বলেই/ আমাকে ওরা সইলো না।

ঈ) মন্তব্য : "বিরাগী বললেন ঠান্ডা জল চাই আর কিছু চাই না।"

কারণ (ক): জগদীশবাবু কীভাবে তাঁর সেবা করবেন জানতে চেয়েছিলেন।

কারণ (খ): পার্থিব কোন বস্তুর প্রতি তাঁর কোনও মোহ ছিল না।

প্রদত্ত বিকল্প গুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য ?

i) কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) ভুল। ii) কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।

iii) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই গ্রহণযোগ্য। iv) কারণ (ক) এবং কারণ (খ) কোনটিই গ্রহণযোগ্য নয়।

**৫।**"মনে হলো যেন পুজো করছেন।" কেন পুজো করার সঙ্গে উদ্দিষ্ট কাজটিকে তুলনা করা হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। **২**

**৬।**"বড়ো চমৎকার আজকে এই সন্ধ্যার চেহারা।"
গল্পে উল্লিখিত সন্ধ্যার নৈসর্গিক রূপের বর্ণনা দাও। **৩**

**৭।** অ) "তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।"
সে দিনটিকে তপনের সবচেয়ে দুঃখের দিন মনে হওয়ার কারণ কী? উক্ত বিষয়টির উপর আলোকপাত করো। **২+৩=৫**

***অথবা,***

আ) "তেমনি অনায়াসে সোনাও মাড়িয়ে চলে যেতে পারি।"হরিদা কে ? আলোচ্য উক্তি হরিদার নির্লোভ জীবনের আদর্শের সঙ্গে কীভাবে সংযুক্ত তা বিশ্লেষণ করো।

**৮। <u>সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।</u>** **৫**

অ) "পুব আকাশে আস্তে-ধীরে আলোর ঘোমটা খোলে,
শক্ত সবুজ গাঁ ভেসেছে তিনপাহাড়ের কোলে।"

***অথবা,***

আ)"অস্ত্র ফ্যালো অস্ত্র রাখো গানের দুটি পায়ে........।"

**৯।** অ) "আমি এখন হাজার হাতে পায়ে
এগিয়ে আসি, উঠে দাঁড়াই।"
'হাজার হাতে পায়ে' কথার অর্থ কী? কবি কী জন্য এগিয়ে আসতে চান?

**অথবা,** **২+৩=৫**

আ) "অন্ধকারে তিন পাহাড়ে ট্রেনের থেকে নেমে,
হাওড়া বিলাসী তিনজোড়া চোখ আটকে গেল ফ্রেমে।"
হাওয়াবিলাসী তিনজোড়া চোখ বলতে কী বোঝানো হয়েছে ? কেন হাওয়াবিলাসী তিনজোড়া চোখ ফ্রেমে আটকে গেল?

## গ-বিভাগ

**১০। সহায়ক পাঠ থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লিখ।** **১X৫=৫**

অ) বাঙালি ঘরের মেয়ে আজন্মকাল কোন শব্দটার সঙ্গে পরিচিত ?

i) বাপেরবাড়ি ii) মামারবাড়ি iii) শ্বশুরবাড়ি iv) আত্মীয়-স্বজনেরবাড়ি

আ) রহমত প্রতি বছর বুকের কাছে কী নিয়ে কলকাতার রাস্তায় মেওয়া ফেরি করে বেড়ায় ?

i) মেয়ের ছবি ii) মেয়ের কপালের চিহ্ন
iii) মেয়ের পায়ের ছাপ iv) মেয়ের হাতের ছাপ

ই) বালিকা রতন আর বালিকা রইল না কেন?

কারণ (ক): মধ্যরাত্রি পর্যন্ত সে পোস্টমাষ্টারের মাথার কাছে জেগে ছিল।
কারণ (খ): সেই মুহূর্তেই সে পোস্টমাস্টারের জননীর স্থান অধিকার করে নিয়েছিল।
প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য ?

i) কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) ভুল।
ii) কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।
iii) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই গ্রহণযোগ্য।
iv) কারণ (ক) এবংকারণ (খ) কোনটিই গ্রহণযোগ্য নয়।

ঈ)মন্তব্য:-"রহমতের বেশ কয়েক বছর হাজতবাস হল।"

কারণ: (ক) রহমত চুরির দায়ে ধরা পড়েছিল।
কারণ : (খ) রহমত গল্প কথকের প্রতিবেশীকে ছুরিবিদ্ধ করেছিল।
কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি সঠিক ?

i) কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল। ii) কারণ (ক) এবং কারণ (খ) কোনোটিই সঠিক নয়।
iii) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক। iv) কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।

উ) পোস্টমাস্টারে টিনের পেঁটরার রং কী ছিল?

i) নীল ও কালো ii) নীল ও লাল iii) লাল ও সাদা iv) নীল ও শ্বেত

**১১।**অ) 'পোস্টমাস্টার' গল্পে পোস্টমাস্টারের সাথে গ্রাম্য বালিকা রতনের কীভাবে কেমন সম্পর্ক গড়ে উঠেছিল তা বিস্তারিতভাবে আলোচনা করো। **২+৩=৫**

***অথবা,***

আ) "একটা গভীর দীর্ঘনিঃশ্বাস ফেলিয়া রহমত মাটিতে বসিয়া পড়িল।" কখন রহমত দীর্ঘশ্বাস ফেলে মাটিতে বসে পড়েছিল? তাহার এই আচরণের কারণ কী?

**১২। অনুচ্ছেদ লিখ।( যে কোনো একটি)** **৫**

অ) একটি বর্ষামুখর রাত্রির অভিজ্ঞতা।
আ) শিক্ষার অধিকার সবার থাকা উচিত কেন।
ই) অভিভাবকদের প্রতি সন্তানের দায়িত্ব ও কর্তব্য।